

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল - ১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা - ১০০০।
www.ebek-rdcd.gov.bd


তারিখ : ১০/০২/২০১৯ খ্রি:।

স্মারক নং-এবাএখা/উন্নয়ন/ভিক্ষুক/২০১/২০১৭-১২২৩,

বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় পুনর্বাসিত ভিক্ষুকদের সঞ্চয়ের অর্থ সংস্থান প্রসঙ্গে।

সূত্র : ০৫.৪৫.৩৯০০.০১১.১১.০৪১.১৯-২৯/এ, তারিখ : ২৪/০১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকপত্রে জামালপুর জেলায় ৭টি উপজেলায় একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতিভূক্ত ভিক্ষুক পরিবারদের ব্যক্তি সঞ্চয়ের অর্থ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক স্থানীয় ভিক্ষুক পুনর্বাসন তহবিল হতে পরিশোধ করা হয়েছে জেনে আমরা অত্যন্ত আনন্দিত এবং এ মহতী উদ্যোগ গ্রহণের জন্য আপনাকে এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলকে প্রকল্পের পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আশাকরি আপনার এ মহতী উদ্যোগের ফলে ভিক্ষুক পরিবারগণের জন্য প্রকল্প হতে তহবিল গঠন পূর্বক আয়বর্ধক কাজ শুরু করা সম্ভব হবে এবং ভিক্ষুক পরিবারগুলির পুনর্বাসনে তা অত্যন্ত সহায়ক হবে। ভিক্ষুক পরিবার পুনর্বাসনে আপনার উদ্যোগ অব্যাহত থাকবে বলে আমরা আশা করি।


(আব্বার হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৩৬২৭১২, ফ্যাক্স : ৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

জনাব আহমেদ কবীর
জেলা প্রশাসক
জামালপুর।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক(এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।